



বিএনপি সরকার গণঅভ্যুত্থানের চেতনার পরিপন্থী: নাহিদ



ছবি: সংগৃহীত

বিএনপি সরকার গণঅভ্যুত্থানের চেতনার বিরোধী এবং আওয়ামী লীগের সঙ্গে সমঝোতা করে চলছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

শনিবার (২৪ অক্টোবর) বিকেলে রাজধানীর যাত্রাবাড়ীতে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচিতে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, গণভোট অস্বীকার করে সরকার গণঅভ্যুত্থানে শহীদদের সঙ্গে প্রতারণা করেছে। তারেক রহমান ও শেখ হাসিনার মধ্যে কোনো পার্থক্য নেই উল্লেখ করে তিনি অভিযোগ করেন, তারেক রহমানও অবৈধভাবে ক্ষমতায় রয়েছেন এবং দেশকে মাফিয়াদের হাতে তুলে দিয়েছেন।

সরকার দেশের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে বলেও অভিযোগ করেন নাহিদ। এ সময় তিনি স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিনের পদত্যাগ দাবি করেন। জ্বালানি খাতে ব্যর্থতার দায় নিয়ে জ্বালানিমন্ত্রীরও পদত্যাগ করা উচিত বলে মন্তব্য করেন তিনি।

এদিকে, রাজধানীর উত্তরায়ও একই কর্মসূচি পালন করেন এনসিপির নেতারা। সেখানে তাঁরা অভিযোগ করেন, অন্য মন্ত্রণালয়ের বিষয়ে কথা বললেও স্বরাষ্ট্রমন্ত্রী নিজের মন্ত্রণালয় সামলাতে পারছেন না। ফ্যামিলি কার্ড চালু করা হলেও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও সারসংকট নিরসনে সরকার কার্যকর ভূমিকা রাখতে পারছে না বলেও মন্তব্য করেন তাঁরা।